গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০১.১৭.১৭৫৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন প্রসঙ্গে।**

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.২৩.০৪৩.৯৬-৬৩৩, তারিখ: ০২/০৮/২০২৩ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পুর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮-তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচী চুড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।
সংযুক্তি: সূত্রস্থ পত্রের কপি।

০৬-০৮-২০২৩
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
২। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
৩। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল;
৪। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার এবং
৫। সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০১.১৭.১৭৫৬/১ (৩)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর এবং
৩। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।

০৬-০৮-২০২৩
হাসিনা বেগম
প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১৫ আগস্টের কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.২৩.০৪৩.৯৬-৬৩৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ / ০২ আগস্ট ২০২৩

বিষয়: আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জুন ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.২৩.৪৪৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন মহোদয়ের সভাপতিত্বে ০২ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
ফোন-৯৫১২২৩১

বিতরণ: সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
২. চেয়ারম্যান (সচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), ............................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
৯. মহাপরিচালক, এইচবিআরআই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
১০. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (সকল), ............................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১২. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. উপসচিব (সকল), ..............................................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. রেজিস্ট্রার, ১ম/ ২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. সিনিয়র সহকারী সচিব (সকল), ..............................................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.২৩.০৪৩.৯৬- ৬৩২

তারিখ : ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী ওয়াছি উদ্দিন<br>সচিব<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| তারিখ | : | ০২/০৮/২০২৩ |
| সময় | : | সকাল ১০:৩০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা প্রধান এবং অনলাইন (Zoom Apps) এর মাধ্যমে সংযুক্ত ঢাকার বাহিরের দপ্তর/সংস্থার প্রধানসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে নারকীয় হত্যাকান্ডে যাঁরা শহীদ হয়েছিলেন তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে দিবসটি পালনে এ মন্ত্রণালয়ের কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) বলেন যে, আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালনের বিষয়ে গত ০৭ জুন ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণী অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য ইতোমধ্যেই গণপূর্ত অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। সভায় গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় বলেন যে, তারা নিজস্ব কর্মসূচি প্রণয়ন করেছে এবং আলোচনা সভার আয়োজন করবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বলেন যে, তারা নিজস্ব কর্মসূচি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কার্যবিবরণীতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বেশিরভাগই গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট হওয়ায় কার্যবিবরণী ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ হতে গঠিত জাতীয় শোক দিবস ২০২৩ পালনের নিমিত্ত গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ঢাকার ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে এ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে উপসচিব জনাব দেবময় দেওয়ান, গণপূর্ত অধিদপ্তরের প্রধান বৃক্ষপালনবিদ এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে এ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে উপসচিব জনাব মুহাম্মদ ইকবাল হুসাইন এবং গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী কে মনোনয়ন প্রদান করা হয়েছে। উক্ত প্রতিনিধিগণের এসবি পাশ সংগ্রহের জন্য ইতোমধ্যে পত্র প্রদান করা হয়েছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মসূচি/সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শোক দিবসের গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে নিম্নরূপভাবে বিস্তারিত কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়:

| কার্যবিবরণীর ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে সঠিক মাপ এবং রং অনুযায়ী নতুনভাবে তৈরিকৃত জাতীয় পতাকা বিধি অনুযায়ী অর্ধনমিত রাখতে হবে। পতাকা সঠিকভাবে সঠিক সময়ে উত্তোলনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থায় ০১ (এক) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ২. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৬:৩০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখতে হবে। এ বিষয়ে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের কিউরেটর মহোদয়ের সাথে যোগাযোগ করে নিতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ টায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি সরবরাহ নিশ্চিত করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর/প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ |
| ৪. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম:<br><br>(চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থল যথাযথভাবে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করবে। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ এবং সমাধিসৌধ প্রাঙ্গণে যাবতীয় পরিস্কার-পরিচ্ছন্নতা ও সাজ-সজ্জা এবং পুষ্পস্তবক তৈরিসহ অন্যান্য সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | (চ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশেপাশের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(জ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় এ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা একত্রে ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে। ১৭/০৮/২০২৩ দুপুর ০২.০০ টায় এ মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার | গণপূর্ত অধিদপ্তর<br><br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন অধিশাখা-৩ ও |

সহায়ক কার্যক্রম:

(চ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(জ) জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।

অংশগ্রহণে ওসমানী স্মৃতি মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। আলোচনা সভায় অংশগ্রহণকারী সকলের জন্য দুপুরের খাবারের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে আলোচনা সভা ও আপ্যায়নের জন্য নিম্নোক্ত দু'টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা সভা সংক্রান্ত কমিটি:

| | | | |
|---|---|---|---|
| ক) | জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| খ) | সকল দপ্তর/সংস্থার প্রতিনিধি | - | সদস্য |
| গ) | জনাব মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঘ) | জনাব মোঃ মনিরুজ্জামান, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঙ) | জনাব অভিজিৎ রায়, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| চ) | জনাব মুহাম্মদ ইকবাল হুসাইন, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ছ) | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| জ) | জনাব স্বর্নেন্দু শেখর মন্ডল, নির্বাহী প্রকৌশলী | - | সদস্য |
| ঝ) | জনাব নায়লা আহমেদ, যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

আপ্যায়ন সংক্রান্ত কমিটি:

| | | | |
|---|---|---|---|
| ক) | জনাব মোঃ হামিদুর রহমান খান, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| খ) | জনাব মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| গ) | জনাব মুহাম্মদ সোহেল হাসান, যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঘ) | জনাব মোঃ বরকাতুর রহমান, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ঙ) | নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ | - | সদস্য |
| চ) | জনাব মোঃ মাহবুবুর রহমান, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

ঢাকার বাহিরে অবস্থিত এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা বিভাগীয় প্রশাসন বা জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শোক দিবস ২০২৩ এর কর্মসূচি পালন করবে এবং সুবিধাজনক সময়ে আলোচনা সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে।

জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ দপ্তর/সংস্থা উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। দপ্তর/সংস্থা গৃহীত কর্মসূচির অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সকল দপ্তর/সংস্থা আগস্ট/২০২৩ মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফলো-আপ সভা করবে।

সকল দপ্তর/সংস্থা

| কার্যবিবরণীর ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২. | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবসে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করবে। প্রস্তুতি সভা করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | জেলা ও উপজেলা পর্যায় যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য দপ্তর/সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৯. | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবে। | মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে মাসব্যাপী কালো ব্যাচ ধারণ করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |
| ২০. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের এসবি পাস সংগ্রহের বিষয়ে ইতোমধ্য কার্যক্রম গ্রহীত হয়েছে। এসবি পাশ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর/সংস্থা, প্রটোকল অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২১. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কোড হতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্ব স্ব কোডে বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা |
| ২২. | বিবিধ:<br><br>১) ধানমন্ডির ৩২ এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br><br>২) বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br><br>৩) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্ব-স্ব দপ্তর/সংস্থা শোক দিবসের ব্যানার, ফেস্টুন, ড্রপ ওয়াল এবং সংযোগ সেতুতে ০১টি করে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ব্যানার দিতে হবে। | ক) কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) ১৫ আগস্ট ২০২৩ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গণপূর্ত অধিদপ্তর |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত (সরাসরি/ভার্চুয়ালি সংযুক্ত) সকলকে ধন্যবাদ জানিয়ে আসন্ন ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মসূচি যথাযথ পরিবেশ ও ভাবগম্ভীর্যের সাথে আন্তরিকভাবে উদযাপনের অনুরোধ জানান। অতঃপর দিবসটি সুন্দরভাবে উদযাপিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী ওয়াছি উদ্দিন)
সচিব